

## 🗏 ত্ব-হা | Ta-Ha | 🕹

আয়াতঃ ২০ : ১২৬

## 💵 আরবি মূল আয়াত:

## قَالَ كَذٰلِكَ آتَتكَ أَيْتُنَا فَنَسِيتَهَا وَكَذٰلِكَ اليَومَ تُنسَى ﴿١٢۶﴾

## 🗚 আনুবাদসমূহ:

তিনি বলবেন, 'এমনিভাবেই তোমার নিকট আমার নিদর্শনাবলী এসেছিল, কিন্তু তুমি তা ভুলে গিয়েছিলে এবং সেভাবেই আজ তোমাকে ভুলে যাওয়া হল'। — আল-বায়ান

আল্লাহ বলবেন, 'এভাবেই তো আমার নিদর্শনসমূহ যখন তোমার কাছে এসেছিল তখন তুমি তা ভুলে গিয়েছিলে। আজকের দিনে সেভাবেই তোমাকে ভুলে যাওয়া হচ্ছে। — তাইসিরুল

তিনি বলবেনঃ এ রূপেই আমার নিদর্শনাবলী তোমার নিকট এসেছিল, কিন্তু তুমিতো ভুলে গিয়েছিলে এবং সেভাবে আজ তুমিও বিস্মৃত হলে। — মুজিবুর রহমান

[Allah] will say, "Thus did Our signs come to you, and you forgot them; and thus will you this Day be forgotten." — Sahih International

১২৬. তিনি বলবেন, এরূপই আমাদের নিদর্শনাবলী তোমার কাছে এসেছিল, কিন্তু তুমি তা ছেড়ে দিয়েছিলে এবং সেভাবে আজ তোমাকেও (জাহান্নামে) ছেড়ে রাখা হবে।(১)

(১) বিস্মৃত হওয়া ছাড়া نسيان শব্দের আরেক অর্থ আছে ছেড়ে রাখা। অর্থাৎ যেভাবে আমার হেদায়াতকে দুনিয়াতে ছেড়ে রেখেছিলে তেমনি আজ তোমাদেরকে জাহান্নামে ছেড়ে রাখা হবে। [ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

(১২৬) তিনি বলবেন, 'তুমি এইরূপ ছিলে, আমার নিদর্শনাবলী তোমার নিকট এসেছিল কিন্তু তুমি তা ভুলে গিয়েছিলে। সেইভাবে আজ তোমাকে ভুলে যাওয়া হবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2474

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন